যায়যায়দিন

তারিখ ... 16 APR ২০০৯
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৪

# সরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ফি বাড়ানো দরকার

—অর্থমন্ত্রী

যাযাদি রিপোর্ট

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, সরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ফি বাড়ালেই ছাত্র আন্দোলন শুরু হয়। কিন্তু বাংলাদেশের মতো গরিব দেশে প্রতিষ্ঠান চালাতে হলে ফি বাড়ানো দরকার। তিনি বলেন, অনেকেই সরকারের টাকায় প্রতিষ্ঠান করে নিজের নাম জুড়ে দেয়। এটা আর হবে না, নাম দিতে হলে ৭০ ভাগ অনুদান দিতে হবে। এরপর নিজের নাম, মা-বাবার নাম, এমনকী বিড়ালের নামেও নাম রাখতে পারবে বলে উল্লেখ করেন।

সোমবার বিকালে সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বিভিন্ন এনজিও প্রতিনিধিদের সঙ্গে প্রাক-বাজেট আলোচনা শেষে এ কথা বলেন।

এনজিও প্রতিনিধিদের এক প্রস্তাবের উত্তরে অর্থমন্ত্রী বলেন, দেশের প্রতিটি মানুষের কাছ থেকে ১০ টাকা করে ট্যাক্স নেয়ার বিষয়টি নিশ্চিত করা যাবে না। ফি: পৃষ্ঠা ১৫ কলাম ৬

## ফি: বিশ্ববিদ্যালয়

(শেষ পৃষ্ঠার পর)

তবে প্রস্তাবটি ভালো বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন, আগামী বাজেটে শিক্ষার ওপর বেশি জোর দেয়া হয়েছে। এজন্য শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে দুবার আলোচনা করা হয়েছে।

আবদুল মুহিত বলেন, বিদ্যুৎ ছাড়া কেউ বিনিয়োগ করতে আসবে না। এজন্য সরকার বিদ্যুৎ উৎপাদন বাড়ানোর উদ্যোগ নিয়েছে। প্রতিদিন বিদ্যুতের চাহিদা বাড়ছে। তাই উৎপাদন বাড়ানোর পরও ঘাটতি থেকে যাবে। ফলে উৎপাদন বাড়ানোর মানেই বিদ্যুৎ সমস্যার সমাধান হয়ে যাবে- এটা ভাবার কোনো কারণ নেই বলে তিনি জানান। তিনি আরো বলেন, ১০০ দিনের কর্মসূচিতে এতো দুর্নীতি হয়েছে যে এটা আর চালানো সম্ভব হচ্ছে না। তবে বয়স্ক শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ে ভাবা যেতে পারে।